শিক্ষার মান উন্নয়ন ও মান নির্ণয়ে পরিবীক্ষণ ও মূল্যায়নের ভূমিকা অপরিসীম । মাধ্যমিক ও উচ্চ শিক্ষা ক্ষেত্রে সরকারের অসংখ্য কার্যক্রম বাস্তবায়িত হলেও ইতোপূর্বে এই সব কার্যক্রম লক্ষ্য ও উদ্দেশ্য অনুযায়ী বাস্তবায়িত হচ্ছে কিনা তা পরিবীক্ষণ ও মূল্যায়ন করার নিয়মিত ব্যবস্থাপনা মাধ্যমিক ও উচ্চ শিক্ষা অধিদপ্তরে ছিল না । শিক্ষা ক্ষেত্রে পরিবীক্ষণ ও মূল্যায়ন জোরদার করতেই মনিটরিং অ্যান্ড ইভালুয়েশান উইং (এমইডব্লিউ) এর প্রতিষ্ঠা করা হয়েছে। ২০০৮ এর আগস্ট মাসে এর যাত্রা শুরু হয় । বাংলাদেশ সরকার ও উন্নয়ন সহযোগী বিশ্বব্যাংকের যৌথ অর্থায়নে মাধ্যমিক ও উচ্চ শিক্ষা অধিদপ্তরের বাস্তবায়নাধীন সেকেন্ডারি এডুকেশান কোয়ালিটি অ্যান্ড অ্যাকসেস এনহান্সমেন্ট প্রজেক্ট (সেকায়েপ) শীর্ষক প্রকল্পের অর্থায়নে সরাসরি মহাপরিচালকের অধীনে এমইডব্লিউ এর কার্যক্রম পরিচালিত হয় ।

সুনির্দিষ্ট লক্ষ্য ও উদ্দেশ্য :

- মাধ্যমিক ও উচ্চ শিক্ষা অধিদপ্তর(মাউশি) এর অধীন সেকায়েপ সহ অন্যান্য উপবৃত্তি প্রদান প্রকল্পের উপবৃত্তি সংক্রান্ত কার্যক্রম পরিবীক্ষণ করা
- মাউশি- এর আওতাধীন উপবৃত্তি কার্যক্রম বহির্ভূত অন্যান্য সকল প্রকল্প কার্যক্রম পরিবীক্ষণ করা
- মাউশি- এর আওতাধীন প্রতিটি বিভাগের বাস্তবায়ন কার্যক্রম পরিবীক্ষণ করা
- মাউশি-এর আওতায় উপবৃত্তি সংক্রান্ত একটি সমন্বিত ডাটাবেইস স্থাপন করা
- মাউশি- এর অধীনস্থ বিভিন্ন প্রকল্প, বিভাগ এবং প্রকল্প বাস্তবায়ন সহযোগী সংস্থার সাথে নিয়মিত সমন্বয় সভা করা
- মাউশি-এর অধীনস্থ বিভিন্ন প্রকল্প, বিভাগ এবং প্রকল্প বাস্তবায়ন সহযোগী সংস্থার লক্ষ্য ও উদ্দেশ্যসমূহ যথাযথভাবে অর্জিত হচ্ছে কিনা তা মূল্যায়ন করা।

এমইডব্লিউ এর কার্যক্রম দুটি সেল এর মাধ্যমে পরিচালিত হয় :

(১) সেকায়েপ সেল
(২) মনিটরিং অ্যান্ড ইভালুয়েশন সেল

সেকায়েপ সেল এর কার্যক্রম :

- ➢ সেকায়েপ প্রকল্পের প্রতিটি কার্যক্রম পরিবীক্ষণ ও মূল্যায়ন করা
- ➢ জাতীয় ভিত্তিক উপবৃত্তি কার্যক্রমের সঙ্গে সংশিষ্ট সকল প্রকল্পের উপবৃত্তি কার্যক্রম পরিবীক্ষণ ও মূল্যায়ন করা

মনিটরিং অ্যান্ড ইভালুয়েশন সেল এর কার্যক্রম :

- ➢ মাউশি-এর অধীনস্থ উপবৃত্তি কার্যক্রম ছাড়া অন্যান্য সকল প্রকল্প কর্মসূচি পরিবীক্ষণ ও মূল্যায়ন করা
- ➢ মাউশি-এর নিয়মিত সকল কার্যক্রম পরিবীক্ষণ ও মূল্যায়ন করা

মনিটরিং কার্যাবলী

- **উদ্বুদ্ধকরণ:** বিভিন্ন বিষয়ে ওরিয়েন্টেশান, ট্রেনিং, ওয়ার্কশপের আয়োজনসহ ব্রোসিওর, লিফলেট, নিউজলেটার প্রভৃতি মূদ্রণ ও প্রকাশ
- **পরিদর্শন:** বাস্তবায়নাধীন কর্মসূচি পরিদর্শন, যথার্থতা যাচাই, সমস্যা চিহ্নিত করে সমাধানের প্রয়োজনীয় সুপারিশ প্রণয়ন , একক ও সমন্বিত প্রতিবেদন প্রকাশ
- **ডকুমেন্ট সংরক্ষণ:** শিক্ষা সংক্রান্ত (রাজস্ব ও উন্নয়ন) দলিলাদি সংগ্রহ ও সংরক্ষণ
- **রিপোর্টিং:** মহাপরিচালক, মাধ্যমিক ও উচ্চ শিক্ষা, বাংলাদেশ বরাবরে সুনির্দিষ্ট সুপারিশসহ মনিটরিং রিপোর্ট প্রদান এবং তাঁর মাধ্যমে শিক্ষা মন্ত্রণালয়, সেকায়েপ, অন্যান্য প্রকল্প ও সংশ্লিষ্ট সংস্থার নিকট মনিটরিং রিপোর্ট প্রেরণ
- **সমন্বয়:** নিয়মিত ভাবে মাউশি-এর বাস্তবায়নাধীন প্রকল্পসমূহ ও বাস্তবায়ন সহযোগী সংস্থার সাথে সমন্বয় সভা আয়োজন করে চিহ্নিত সমস্যা সমাধানে সমন্বিত প্রয়াস চালানো
- **সমন্বিত ডাটাবেজ:**মাধ্যমিক শিক্ষার সকল কার্যক্রমের তথ্য ও উপাত্ত সংগ্রহ, সংরক্ষণ ও সমন্বয় করাসহ প্রাপ্ত তথ্যের ভিত্তিতে মহাপরিচালক, মাউশি, শিক্ষা মন্ত্রণালয় ও অন্যান্য সংশ্লিষ্ট সংস্থার জন্য তথ্যভিত্তিক প্রতিবেদন প্রকাশের লক্ষ্যে সমন্বিত ডাটাবেইস প্রতিষ্ঠা ।

ইভালুয়েশন কার্যাবলী

- বিভিন্ন বাস্তবায়ন সংস্থার (প্রকল্প, বিভাগ) বিশেষ ও সামগ্রিক কার্যক্রম মূল্যায়ন করা
- বিভিন্ন বাস্তবায়ন সংস্থার (প্রকল্প, বিভাগ) কার্যক্রমের ফলাফল মূল্যায়ন ও বাস্তবায়নাধীন কার্যক্রম ভিত্তিক বিভিন্ন সার্ভে, রিসার্চ, স্টাডি ইত্যাদি পরিচালনা ।

এ পর্যন্ত বাস্তবায়িত উল্লেখযোগ্য কার্যক্রম :

মনিটরিং

- পরিচিতিমূলক সভা আয়োজন
- মাউশি অধিদপ্তরের কর্মকর্তা, সেকায়েপ ও তার বাস্তবায়ন সহযোগী সংস্থা, মাউশি-এর অন্যান্য প্রকল্পের কর্মকর্তাদের সঙ্গে অরিয়েন্টেশান সভা আয়োজন
- জাতীয় পর্যায়ে মনিটরিং অ্যান্ড ইভালুয়েশান উইং এর বিস্তরণ কর্মশালা আয়োজন
- মনিটরিং টুলস প্রণয়ন, প্রকাশ ও বিতরণ
- জেলা শিক্ষা অফিসের বিদ্যমান অবস্থা ও সার্বিক কার্যক্রমের উপর বিস্তারিত অনুসন্ধানী প্রতিবেদন প্রণয়ন ও প্রকাশ
- সেকায়েপসহ সাধারণ উপবৃত্তি ও মাউশি কার্যক্রমের উপর অর্ধবার্ষিক পরিবীক্ষণ প্রতিবেদন প্রণয়ন ও প্রকাশ
- মনিটরিং অ্যান্ড ইভালুয়েশান উইং এর ম্যানুয়াল প্রণয়ন
- পিএমটি এর ম্যানুয়াল, আবেদন ও আপীল ফরম প্রণয়ন ও পরিমার্জনে সহায়তা প্রদান
- সেকায়েপ প্রকল্পের কোয়ালিটি কম্পোনেন্টের প্রারম্ভিক কার্যক্রম প্রণয়নে সহায়তা প্রদান
- ব্যানবেইসের শিক্ষা প্রতিষ্ঠান জরিপ -২০০৯ এর প্রশ্নমালা প্রণয়ন ও পরিমার্জনে দায়িত্বপালন
- ব্যানবেইসের বার্ষিক শিক্ষা প্রতিষ্ঠান জরিপ-২০০৮ এর ডিজাইন, প্রশ্নমালা প্রণয়ন এবং প্রতিবেদন চূড়ান্তকরণে দায়িত্ব পালন
- ব্যানবেইসের ওরিয়েন্টেশান কর্মশালার উপর পরিবীক্ষণ প্রতিবেদন প্রণয়ন ও প্রেরণ
- পিএমটি এর ওরিয়েন্টেশান কর্মশালা, পিএমটি সচেতনতার উপর ইউনিয়ন পর্যায়ে অনুষ্ঠিত কর্মশালা, সেকায়েপের পিএমটি ভিত্তিক ও সাধারণ উপবৃত্তির কার্যক্রম এবং সেকায়েপের এমটিআরটি কার্যক্রমের উপর পরিবীক্ষণ প্রতিবেদন প্রণয়ন ও প্রেরণ
- ব্যানবেইস কর্তৃক চিহ্নিত সেকায়েপের ৬৮ টি 'Traceless Schools' এর উপর একটি অনুসন্ধানী প্রতিবেদন প্রণয়ন ও প্রেরণ
- টিকিউআই-এসইপি ও এলএসবি প্রকল্পের ট্রেনিং কার্যক্রমের উপর পরিবীক্ষণ প্রতিবেদন প্রণয়ন ও প্রেরণ করা ইত্যাদি।
- সরকারী সেকেন্ডারী স্কুলের শিক্ষক নিয়োগের জন্য লিখিত পরীক্ষা পরিবীক্ষণ করা ।
- সেকায়েপ শীর্ষক প্রকল্পের আওতায় গ্রেড প্রগ্রেশান এওয়ার্ডের জন্য নির্বাচিত প্রতিষ্ঠানসমূহের প্রাথমিক তালিকা যাচাইয়ের জন্য প্রতিষ্ঠান পরিদর্শন ও পরিবীক্ষণ করে প্রতিবেদন প্রেরণ।
- এমইডব্লিউ'র ব্রসিয়ার প্রকাশ করা ।
- এসএসসি/দাখিল পরীক্ষা-২০১০ এ 'শূন্য' ফলাফলকারী প্রতিষ্ঠান পরিদর্শন ও পরিবীক্ষণ করে এর কারণ উদঘাটন করে প্রতিবেদন প্রেরণ করা।
- মাউশির ওয়েবসাইটে এমইডব্লিউ এর বিষয়াবলী প্রকাশ করা ।
- মাঠ পর্যায়ে পরিদর্শন প্রতিবেদন প্রেরণের জন্য মাননীয় মহাপরিচালক, মাধ্যমিক ও উচ্চ শিক্ষা, বাংলাদেশ এর মাধ্যমে দেশের সকল আঞ্চলিক উপপরিচালক, জেলা শিক্ষা অফিসার ও উপজেলা মাধ্যমিক শিক্ষা অফিসার বরাবর পত্র প্রেরণ করা হয় । উল্লেখ্য, ইতোমধ্যে মাঠ পর্যায়ের কর্মকর্তাগণ তাঁদের পরিদর্শন প্রতিবেদন প্রেরণ করা শুরু করেছেন।

মূল্যায়ন

- বিশ্বব্যাংক কর্তৃক পরিচালিত বেইসলাইন সার্ভে প্রতিবেদনের উপর জাতীয় পর্যায়ে বিস্তরণ কর্মশালা আয়োজন;
- বিশ্বব্যাংক কর্তৃক পরিচালিত বেইসলাইন সার্ভে প্রতিবেদনের উপর বিভাগীয় পর্যায়ে দুটি বিস্তরণ কর্মশালা আয়োজন করা, ইত্যাদি।

নবপ্রতিষ্ঠিত এমইডব্লিউ শিক্ষার ক্ষেত্রে মান উন্নয়নের পাশাপাশি এর জবাবদিহিতা ও স্বচ্ছতা নিশ্চিত করার লক্ষ্যে তার মনিটরিং কার্যক্রম অব্যাহতভাবে চালিয়ে যাচ্ছে। প্রতিষ্ঠাকালীন প্রতিকূলতা দ্রুত কাটিয়ে উঠে এমইডব্লিউ তার অভিষ্ট লক্ষ্য ও উদ্দেশ্য অর্জনে কাঙ্ক্ষিত মাত্রায় অগ্রসর হচ্ছে। পরিবীক্ষণ ও মূল্যায়ন কার্যক্রম জোরদার হলে শিক্ষা কর্মসূচি আরও লক্ষ্য ও উদ্দেশ্যমুখী হবে এবং এক্ষেত্রে অর্জিত সাফল্য বহুলাংশে বৃদ্ধি পাবে। এমইডব্লিউ এ লক্ষ্যে কাজ করে যাচ্ছে।

যোগাযোগ:
পরিচালক, মনিটরিং অ্যান্ড ইভালুয়েশান উইং, মাউশি, শিক্ষা ভবন
১৬ আব্দুল গণি রোড, ঢাকা-১০০০
ফোন: ৯৫৫৫১৩০, ই-মেইল ঃ director_mew_dshe@yahoo.com

The role of Monitoring and evaluation has the immense importance in development and determination of the quality of education. A huge number of interventions are implemented under the Directorate of Secondary and Higher Education (DSHE) but there was no regular monitoring and evaluation system whether those are implemented according to the goals and objectives or not. To strengthen the monitoring and evaluation in education system, the Monitoring and Evaluation Wing has been established in the DSHE. It has commenced in August 20008. It is administered and managed under the direct supervision of the DG, DSHE and financed by the Secondary Education Quality and Access Enhancement Project (SEQAEP).

Specific goals and objectives:

- To monitor and evaluate all the stipend related activities of the projects including SEQAEP ;
- To monitor and evaluate non stipend activities of the projects of the DSHE
- To monitor and evaluate all routine activities of the DSHE.
- To establish an Integrated Database under DSHE
- Organize regular coordination meeting with the projects, divisions and other implementation Partners ,
- To evaluate the implementation of the projects, divisions and other implementation Partners whether they are achieving the targeted goals and objectives ,

MEW implement its activities through two cells:

1) SEQAEP Cell and
2) Monitoring and Evaluation Cell

SEQAEP Cell:

a) To monitor and evaluate all the activities of SEQAEP project;
b) To monitor and evaluate all the activities of nationwide stipend program of the projects.

Monitoring and Evaluation Cell:

a) To monitor and evaluate non stipend activities of the projects of the DSHE
b) To monitor and evaluate all routine activities of the DSHE.

Function of MEW:

<u>Monitoring:</u>

Mobilization: the important activities of the mobilization are organizing orientation, workshop and training and publishing of brochure, newsletter etc. regularly
Field Visit: To visit the ongoing implementation of different activities; to evaluate the justification; to identify the problems and then to prepare individual and integrated report with suggestions and recommendations for the solution.
Documentation: Collecting different documents and necessary papers of secondary education concern and preserve.
Reporting: submit the monitoring report with specific recommendations to the DG, DSHE and then to MoE, SEQAEP, other projects and other concerned agencies
Coordination : organize the regular coordination meeting with projects and other implementation partners and help in taking the necessary steps to solve the arouse problems,
Integrated Database: establishment of integrated database for collecting and preserving the information and data of all the activities of secondary education and preparing the information based report for the DG, DSHE, MoE and other related agencies.

<u>Evaluation:</u>

- Evaluation of Implementation of overall and special activities of implementing agencies (projects, Divisions and the implementation partners).
- Evaluation of the impact of the activities of implementation agencies (projects, Divisions and the implementation partners) and conduct implementation based survey, research and study.

Progress so far:

<u>Monitoring</u>

- Organized an introductory meeting with DSHE officials
- Organized orientation meeting with SEQAEP and other projects, implementation partners and DSHE officials
- Organized Disseminations workshop at national level on MEW and finalization of monitoring tools
- Prepared and published Monitoring Tools and distributed to the concerns
- Prepared Exclusive report on the DEO offices and MPO
- Prepared and published the semiannual monitoring report on-
  - The SEQAEP activities
  - General stipend of SEQAEP and other stipend projects and
  - The regular activities of the DSHE
- Prepared Manual of Monitoring and Evaluation Wing
- Closely involved in preparation and revision of PMT Manual, PMT application and appeal form
- Involved in startup activities of quality component of SEQAEP
- Involved in preparation and revision of BANBEIS questionnaires for annual school census of 2008 and 2009
- Finalizing the Annual Census Report -2008 by BANBEIS:
- Prepared and submitted report of BANBEIS Orientation Workshop
- Prepared and submitted report of PMT Orientation Workshop, union level workshop on PMT awareness, the MTRT programme, PMT based and general stipend programme of SEQAEP
- Prepared report about the traceless schools identified by the BANBEIS and spelled out in their census report
- Prepared and submitted report about training programme conducted by the TQI-SEP and LSB project
- Monitoring of written tests for recruitment of teachers for government secondary schools etc.
- Conducted field visit to check the authenticity of the primary list of Grade Progression Award (GPA).
- Published a brochure of MEW.
- Conducted a field visit to the institutions of '0 pass rate' to find out the reason of making 'Zero Result' in the SSC/Dakhil Exam 2010 and prepared the report
- Opened a webpage in the DSHE's website presenting the information about MEW and the Monitoring Formats prepared by the MEW
- Sent the circular signed by the DG, DSHE to the DD (Zonal), DEO, ADEO and USEO for sending the monitoring reports that they prepare to the Monitoring and Evaluation Wing(MEW) on regular basis. Field level officers have started sending their field visit reports.

<u>Evaluation</u>

- Conducted national level workshop on the baseline survey findings and prepared report and submitted.
- Conducted two divisional level workshops (one at Bogra for Rajshahi and Rangpur divisions and another at Sylhet for Chittagong and Sylhet divisions) on the baseline survey findings and prepared report and submitted.

For more information, please contact:

Director, MEW
DSHE
Shikkha Bhaban, Dhaka
Phone- 02-9555130
E-mail: director_mew_dshe@yahoo.com